



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০১৬.২১ (পার্ট-১). ১৪০০


তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩১
৩ ডিসেম্বর ২০২৪

বিষয়: সামাজিক যোগাযোগ মাধ্যমে নেতিবাচক/বিরূপ মন্তব্য, পোস্ট ও শেয়ার করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে অবাধ তথ্য প্রবাহের যুগে সরকারি, বেসরকারি নির্বিশেষে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষকগণও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করেন। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, কোটা আন্দোলনকে কেন্দ্র করে কিছু কিছু স্বার্থান্বেষী ব্যক্তি/গোষ্ঠী সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন অসত্য, বিভ্রান্তকর, কুরুচিপূর্ণ ও বানোয়াট তথ্য উপাত্ত ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট/শেয়ার করে সরকারকে হয়ে প্রতিপন্ন করার অসৎ উদ্দেশ্যে লিপ্ত রয়েছেন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর দেশের অন্যতম বৃহৎ সরকারি প্রতিষ্ঠান এবং এ অধিদপ্তরের আওতায় বর্তমানে প্রায় পাঁচ লক্ষের কাছাকাছি শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী কর্মরত রয়েছেন। প্রজাতন্ত্রের কর্মচারী হিসাবে সরকারের কোন আদেশ, নিষেধ বা কার্যক্রম সম্পর্কে সমালোচনা করা বা সরকারি কোন কার্যক্রম বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে নেতিবাচক পোস্ট/শেয়ার করা “সরকারী কর্মচারী আচরণ বিধিমালা- ১৯৭৯” এর পরিপন্থী। উল্লেখ্য যে, প্রজাতন্ত্রের কর্মকর্তা-কর্মচারী-শিক্ষক কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত “সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)” এ বর্ণিত বিধান অনুসরণ করা বাধ্যতামূলক এবং ইতোপূর্বে এ অধিদপ্তরে হতে বহুবার বিষয়টি পত্রের মাধ্যমে সকল শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিত করা হয়েছে।

২। দেশের সাম্প্রতিক পরিস্থিতিতে উক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে কোন বিষয় সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট/শেয়ার না করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাভুক্ত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণকে পুনরায় সতর্ক করা হলো। এ বিষয়ের কোন ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট প্রধান শিক্ষক/সহকারি শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।


মোঃ হাশিমুল হক

পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৫৫০৭৪৮২৯

ই-মেইল: diradmindpe@gmail.com

১. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল) বিভাগ (তৌর আওতাধীন সকল দপ্তর/প্রতিষ্ঠানে প্রেরণের অনুরোধসহ)।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল) (তৌর আওতাধীন সকল দপ্তর/প্রতিষ্ঠানে প্রেরণের অনুরোধসহ)।
৩. উপজেলা/থানা শিক্ষা অফিসার/ ইন্সট্রাক্টর (ইউআরসি) সকল (তৌর আওতাধীন সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রেরণের অনুরোধসহ)।

সদয় অবগতি/ কার্যার্থে:

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি ৪) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।